# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস
# নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী

১। বারিধারা ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ৮ম সভা ২৭ এপ্রিল ২০২৬ ইং তারিখ সন্ধ্যা ১৯১৫ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল এম আব্দুল হাই (অবঃ) | - প্রেসিডেন্ট |
| খ। | ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) | - সিনিঃ ভাইস প্রেসিডেন্ট |
| গ। | কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ) | - ভাইস প্রেসিডেন্ট |
| ঘ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ) | - সেক্রেটারী |
| ঙ। | কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ) | - জয়েন্ট সেক্রেটারী |
| চ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) | - ট্রেজারার |
| ছ। | মেজর জাফরউল্লাহ খান (অবঃ) | - জয়েন্ট ট্রেজারার |
| জ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অঃ) | - মেম্বার সিকিউরিটি |
| ঝ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ) | - মেম্বার এ্যাডমিন |
| ঞ। | মেজর জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ, পিএইচডি, এমএসসি, এমপিএইচ (অবঃ) | - মেম্বার মেডিকেল |
| ট। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| ঠ। | মিসেস পারভীন যোবায়দা | - সদস্য |
| ড। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ) | - সদস্য |
| ঢ। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) | - সদস্য |
| ণ। | ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ) | - সদস্য |
| ত। | কর্নেল জয়নুল আবেদীন (অবঃ) | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচি ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br>• বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। তারপর অত্যন্ত বিনয়ের সাথে বাড়ী # ২৭৭, রোড # ০৪ কর্নেল এম এম কে জেড জালালাবাদী এবং বাড়ী # ২৪৩, রোড # ০৩ মরহুম ব্রিগেঃ জেনাঃ জহিরুদ্দিন আহমেদ এর স্ত্রী নাঈমা জহির এর নাম উল্লেখ পূর্বক তাদের রুহের মাগফেরাত কামনা করেন। এছাড়া আরও যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্মরণ করে সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকলের রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দোয়া করেন। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য**<br>উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ৮ম সভায় সকল সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ করায় স্বাগত জানান এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। প্রেসিডেন্ট বলেন গত সভাটি একটু দীর্ঘ হয়েছে, আজকের সভাটিও আরও দীর্ঘ হতে পারে যেহেতু অনেকগুলি বিষয় নিয়ে আলোচনা করতে হবে ও সিদ্ধান্ত গ্রহন করতে হবে এবং একই সাথে কাজেরও গতি বৃদ্ধি করতে হবে। আমরা ডিওএইচএস এর সম্মানিত ভোটারদের Mandate নিয়ে যেহেতু এখানে এসেছি তাই সকল সদস্যদের জন্য সুবিধা বৃদ্ধি ও কল্যানের জন্য কাজ করতে হবে। তিনি অফিস শৃঙ্খলা বজায় রাখার জন্য সকল স্টাফ এবং ইসি সদস্যদের সতর্ক করেন। সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী পরিষদ অফিস সময়সূচী রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯টা হতে বিকাল ৪টা পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। শনিবার সকাল ১০ ঘটিকা হতে দুপুর ২ ঘটিকা পর্যন্ত অফিস কার্যক্রম চলবে। উক্ত সময়ের পরে কোন শাখার জরুরী কোন কার্যক্রম পরিলক্ষিত হয়না এবং ৭ ঘন্টা সকলে নিজের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করলে আর কোন কাজ অসমাপ্ত থাকার কথা নয়। অফিস শৃঙ্খলা মেনে চলার অংশ হিসেবে বিকাল ৪ ঘটিকার পর সকল শাখার মূল ফটকের চাবি পরিষদ মূল অফিসে (সেক্রেটারীয়েট শাখায়) চাবি বক্সে জমা করতে হবে। উক্ত বক্সের চাবি ও মূল অফিসের চাবি সার্ভিস সেন্টারে কর্তব্যরত সহকারীর নিকট জমা থাকবে। দিনে বা রাতের যে কোন সময়ে **শুধুমাত্র Video footage দেখার প্রয়োজন হলে** আইটি সাব-কমিটির কনভেনার/মেম্বার সিকিউরিটি/সেক্রেটারী/ প্রেসিডেন্ট এর অনুমতিক্রমে সিসি ক্যামেরার কন্ট্রোল রুম খোলা হবে। অত্র পরিষদে নথিভূক্ত থাকা কোন চিঠিপত্র ও তথ্য প্রেসিডেন্ট এবং সংশ্লিষ্ট অফিস বিয়ারার বা কনভেনার/সদস্য সচিবের অনুমতি ছাড়া কোন ব্যক্তিকে প্রদান করলে তা দন্ডনীয় অপরাধ হিসেবে বিবেচিত হবে। তিনি আরও বলেন যে, অত্র ডিওএইচএস এর মধ্যে কোন ঘটনা ঘটলে তাৎক্ষনিক whatsapp এর মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের জ্ঞাতার্থে জানাতে হয় এবং পরবর্তীতে বিস্তারিত লিখিত আকারে প্রেরণ করতে হবে। তিনি আরও অবহিত করেন যে, বারিধারা ডিওএইচএস এর পূজা কমিটির বকেয়া টাকা পরিশোধের জন্য পত্র দেয়া হলেও কোন উত্তর পাওয়া যাচ্ছে না এবং বকেয়া টাকা পরিশোধের কোন পদক্ষেপ পরিলক্ষিত হচ্ছে না। এর প্রভাব পরবর্তী পূজা আয়োজনে পড়তে পারে এবং সেজন্য পূজা কমিটিই দায়ী থাকবে বলে আমরা মনে করি। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ৭ম এবং জরুরী ইসি সভার কার্যবিবরণী অনুমোদন**<br>পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী মহোদয় ৭ম এবং জরুরী ইসি সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারী ৭ম এবং জরুরী সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সকলকে অবগত করেন। বিস্তারিত আলোচনা, সংযোজন/বিয়োজন শেষে নিম্নেবর্ণিত পয়েন্টসূমহের ব্যাপারে পুনরায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ঃ<br><br>ক। **ফিটনেস সেন্টার Vertical Extension - অগ্রগতি ও পুনঃ সিদ্ধান্ত ঃ**<br>ফিটনেস সেন্টারের বিদ্যমান কাঠামোকে উপরের দিকে সম্প্রসারণ (Vertical Extension) করে দো'তলায় রূপান্তরিত করা হবে। দো'তলা পুরুষ সদস্যদের ব্যায়ামের জন্য এবং নীচতলার | সকল ইসি সদস্যবৃন্দ |

| | |
|---|---|
| দুই তৃতীয়াংশ মহিলা সদস্যাদের ব্যায়ামের জন্য ও নীচতলার বাকী এক তৃতীয়াংশ 'ড্রিংকস কর্ণার' করার ব্যাপারে ৭ম ইসি সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের উপর পুনরায় বিস্তারিত আলোচনা হয় এবং কীভাবে ফিটনেস সেন্টারের Vertical Extension করলে পরিষদ লাভবান হবে তা নিরূপনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগনের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয় ঃ<br><br>সভাপতি ঃ ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ)<br>সদস্য - (১) ঃ ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ)<br>সদস্য - (২) ঃ গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ)<br>সদস্য - (৩) ঃ ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ)<br>সদস্য সচিব ঃ কর্নেল জয়নুল আবেদীন (অবঃ)<br><br>**গঠিত কমিটি নিম্নরূপভাবে কার্য পরিকল্পনা, প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও প্রণয়ন করবেন ঃ**<br><br>১। ফিটনেস সেন্টার ভবনটির মূল কাঠামোগত নকশা ও ইঞ্জিনিয়ারিং নির্দেশনা সম্পর্কে অবগত করা।<br>২। Soil Test Report পর্যবেক্ষণ করা ও বিদ্যমান ভবনের নির্মাণ ভারবহন ক্ষমতা সম্পর্কে যাচাই করা এবং সুপারিশ করা।<br>৩। সুবিধাসমূহ বিবেচনা করা, পরিষদ ফান্ড হতে অথবা ৩য় কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের মাধ্যমে সম্প্রসারণ কাজটি সম্পন্ন করার প্রক্রিয়া সম্পর্কে সুপারিশ করা।<br>৪। আনুমানিক নির্মাণ ব্যয় সম্পর্কে ধারণা দেয়া।<br><br>• উপরোক্ত কার্যক্রমসহ অন্যান্য কার্য শেষে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ইসি সভায় উপস্থাপন করবে। | সংশ্লিষ্ট কমিটি |
| খ। **মসজিদের মিনার নির্মাণ**<br><br>**অগ্রগতি ও পুনঃ সিদ্ধান্ত ঃ** মসজিদের মিনারের Structural Design & Construction এর ব্যাপারে ৭ম তম ইসি সভার সিদ্ধান্তের আলোকে মসজিদ ম্যানেজমেন্ট সাব-কমিটির কনভেনার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) জানান যে, একজন দক্ষ আর্কিটেক্ট দিয়ে Structural Design & Construction পর্যবেক্ষন করানো হয়েছে। উক্ত আর্কিটেক্ট প্রতিবেদনে বর্তমান মসজিদ কাঠামোতে মিনার নির্মাণ না করা সম্ভব নয় স্ট্যান্ড এ্যালোন মিনার তৈরী করা অনেক ব্যয় বহুল হবে। ভবিষ্যতে নতুন মসজিদের সাথে মিনার নির্মাণ করা উত্তম বলে মতামত প্রদান করেন। যার পরিপ্রেক্ষিতে বিস্তারিত আলোচনা শেষে আপাততঃ মিনার নির্মাণ কাজ স্থগিত রাখার সিদ্ধান্ত হয়। | কনভেনার, মসজিদ কমিটি |
| **গ। To design a Logo for Baridhara DOHS and get approval from the DOHS Central Committee**<br><br>**অগ্রগতি ও পুনঃ সিদ্ধান্ত ঃ** ৭ম ইসি সভায় প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ) বারিধারা ডিওএইচএস পরিষদের জন্য একটি নির্ধারিত লোগো নির্বাচণের ব্যাপারে প্রস্তাব করেন। কয়েকটি নমুনা লোগো তৈরী করে পরবর্তী ইসি কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রেসিডেন্ট/ সেক্রেটারী |

ঘ। **<u>To take decision about advertisements proposals received so far</u>**

**<u>সিদ্ধান্ত ঃ</u>** বারিধারা ডিওএইচএস এলাকায় বিজ্ঞাপন প্রদর্শনের জন্য যে সকল কোম্পানীর কাছ থেকে প্রস্তাব এসেছে তা মেম্বার এ্যাডমিন ও গঠিত বোর্ডের সদস্যগন যথাশীঘ্র চূড়ান্ত করবেন এবং একটি পূর্ণাঙ্গ প্রস্তাবনা সুপারিশ সহকারে সভাপতির চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

**অগ্রগতি ঃ** আবেদনকারী দুই কোম্পানীর মধ্যে একজনকে নিয়োগ করা হবে। এক্ষেত্রে ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ), মেম্বার এ্যাডমিন আবেদনকারী উভয় কোম্পানীর সাথে আলোচনা করে যিনি ডিওএইচএস পরিষদের জন্য লাভজনক হবে তার সাথে চুক্তি সম্পাদন করবেন। বিষয়টি পরবর্তী মিটিং এ উপস্থাপনের নিমিত্তে চুড়ান্ত করার সিদ্ধান্ত হয়।

মেম্বার এ্যাডমিন

ঙ। **<u>Decoration of road sides from Ananaya to Baridhara gate by the Development Sub-committee</u>**

**<u>সিদ্ধান্ত ও অগ্রগতি ঃ</u>** ৭ম ইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতিমধ্যে অনন্যা শপিং কমপ্লেক্স হতে বারিধারা গেট পর্যন্ত রোডের পূর্ব ও পশ্চিম পার্শ্বের বাউন্ডারী দেওয়ালে রং করণের জন্য এবং পূর্ব পার্শ্বের দেওয়ালের উপরে স্থাপিত তাঁরকাটার বেড়া মেরামত করণের জন্য অত্র পরিষদ হতে ক্যান্টনমেন্ট বোর্ডে পত্র প্রেরণ করা হয়েছে। কাজটি সম্পন্ন করার লক্ষ্যে কনভেনার, ডেভেলপমেন্ট ওয়ার্কস সাব-কমিটি মাঝে মাঝে এমইএস/সিইও, ঢাকা সেনানিবাসের সাথে সমন্বয় করবেন। পরবর্তীতে উক্ত সাব-কমিটি পরিকল্পিতভাবে স্পন্সরের মাধ্যমে রাস্তার দুই পার্শ্বে ওই এলাকার সৌন্দর্য্যবর্ধন করণের ব্যবস্থা করবেন।

মেম্বার এ্যাডমিন

চ। **<u>If decision of DCC is really implemented, how to cover up short fall of income if renting of offices are drastically reduced</u>**

৬১তম ডিওএইচএস সেন্ট্রাল কমিটি সভার আলোচ্যসূচি-২.২ এর সিদ্ধান্ত ও সেনাসদরের নির্দেশনার আলোকে অত্র ডিওএইচএস পরিষদের ৭ম ও জরুরী ইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী Airbnb বা অনুরুপ সাময়িক বাসস্থান সেবা প্রদান সংক্রান্ত অনলাইন প্লাটফর্ম ব্যবহার করে ব্যবসা পরিচালনা বন্ধ করার (অফিসসমূহ বন্ধ করার) বিষয়টি পুণ: বিবেচনার জন্য গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ), ট্রেজারার একটা খসড়া চিঠি প্রস্তুত করেছেন যা সভায় উপস্থাপন করেন। ইসি সদস্যগণ উক্ত চিঠির প্রশংসা করেন। শুধুমাত্র সামান্য সংযোজন ও বিয়োজন করে অতি সত্ত্বর এই চিঠিটি সেনাসদরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সেক্রেটারী

ছ। **<u>ডিএসএলআর ক্যামেরা ক্রয় ঃ</u>** অত্র পরিষদের সকল অনুষ্ঠানাদির ছবি তোলার জন্য একটি ভাল মানের ডিএসএলআর ক্যামেরা ৫০,০০০/- হতে ১,০০,০০০/-টাকার মধ্যে ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয়।

**অগ্রগতি ঃ** ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ), সিনিঃ ভাইস প্রেসিডেন্ট এবং ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ), মেম্বার এ্যাডমিন এর সমন্বয়ে আগামী ৪/৫ দিনের মধ্যে একটি ভাল মানের ক্যামেরা ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

| | |
|---|---|
| **পরিশেষে, উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট প্রস্তাব করেন এবং কর্নেল জয়নুল আবেদীন (অবঃ), সদস্য সমর্থন করেন। ৭ম ও জরুরী ইসি সভার কার্যবিবরনী অনুমোদিত হলো।** | সিনিয়র ভাইস প্রেসিডেন্ট |
| **আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক মার্চ ২০২৬ মাসের আর্থিক খরচের অনুমোদন**<br>বারিধারা ডিওএইচএস পরিষদের মার্চ ২০২৬ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং ব্যালেন্সশীট সম্পর্কে বিস্তারিতভাবে সকলকে অবহিত করেন। উক্ত আর্থিক খরচে কোন ধরণের মন্তব্য না থাকায় অনুমোদনের জন্য ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ), সিনিঃ ভাইস প্রেসিডেন্ট প্রস্তাব করেন। কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবঃ), ভাইস প্রেসিডেন্ট তা সমর্থন করেন। ফলে মার্চ ২০২৬ মাসের আর্থিক খরচ ইসি কর্তৃক অনুমোদিত হয়। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৫ ঃ (১) সাবস্ক্রিপশন নেয়ার/গ্রহন করার জন্য ট্রাস্ট ব্যাংক থেকে POS মেশিন ব্যবহার প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। (২) To apprise EC about installation of ATM booth by the Trust Bank near AB Bank.**<br><br>**সিদ্ধান্ত ঃ** (১) ৭ম ইসি সভায় বারিধারা ডিওএইচএস পরিষদ ও মসজিদ এর মাসিক সাবসক্রিপশন গ্রহণের জন্য POS ব্যবহারের ব্যাপারে আলোচনা হয়। যার পরিপ্রেক্ষিতে অত্র সভায় বিস্তারিত আলোচনা শেষে, সাবস্ক্রিপশন নেয়ার/গ্রহণ করার জন্য ট্রাস্ট ব্যাংক থেকে POS মেশিন ব্যবহার করলে ট্রাস্ট ব্যাংক credit/debit card এর মাধ্যমে পেমেন্ট করলে ১ % এবং অন্য ব্যাংক এর কার্ড থেকে ব্যবহার করলে ১.৫ % কমিশন হিসাবে কাটা যাবে। এতে ডিওএইচএস ফান্ডের অনেক টাকা লোকসান হবে বিধায় ইসি সদস্যগণ POS মেশিন ব্যবহারের বিষয়ে দ্বিমত পোষণ করেন। প্রস্তাবটি অনুমোদিত হয়নি।<br><br>(২) ট্রাষ্ট ব্যাংক পিএলসি এর আবেদন ও গত ০৯ এপ্রিল ২০২৬ তারিখের জরুরী ইসি সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ), ট্রেজারার এবং কনভেনার মসজিদ ম্যানেজমেন্ট সাব-কমিটি সভায় অবহিত করেন যে, ট্রাষ্ট ব্যাংকের এটিএম/সিআরএম মেশিন সম্বলিত স্মার্ট পয়েন্ট স্থাপনের লক্ষ্যে বারিধারা ডিওএইচএস জামে মসজিদের দক্ষিণ পার্শ্বে ২৫০ বর্গফুট জায়গা বরাদ্দ দেয়া যেতে পারে মর্মে পত্র প্রেরণ করা হয়েছে। ইতিমধ্যেট্রাষ্ট ব্যাংকের প্রতিনিধিগন সরেজমিনে পরিদর্শন করেছেন। তবে স্থাপনা ট্রাষ্ট ব্যাংকের নিজস্ব খরচে তৈরী করে নিতে হবে এবং এ বিষয়ে পরিষদের সাথে একটি চুক্তি সম্পাদন করতে হবে। | সেক্রেটারী ও ট্রেজারার |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০৬ ঃ দুর্ঘটনা সংগঠিত হওয়ায় কুংফু কেরাতের প্রশিক্ষন বন্ধ করার ব্যাপারে সংক্ষিপ্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।</u>**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, অত্র ডিওএইচএস এলাকায় কুংফু কেরাতের প্রশিক্ষন কার্যক্রম বন্ধ করার পক্ষে ইসি সদস্যগন একমত পোষণ করেন। বর্তমান প্রশিক্ষক এ এফ এম মারুফ এর প্রশিক্ষণের জন্য যথাযথ সরঞ্জামাদি না থাকায় ও পরিবেশ/পরিস্থিতি সম্পর্কে অসচেতন বিধায় তার সাথে পরিষদের বিদ্যমান চুক্তিটি বাতিল করা যেতে পারে। | সিনিয়র ভাইস প্রেসিডেন্ট |
| **<u>আলোচ্যসূচি- ০৭ ঃ To discuss on applications received from house owners against the decision of DCC about renting of single floor in between Gr & 3rd floor for office</u>**.<br><br>**Col Muhammad Wali Ullah (Retd), Vice President presented the details of this point as follows :**<br><br>Renting of only one floor is a good decision by central committee of AHQ. It will help to avoid traffic congestion and overcome crowds inside DOHS (during office hours).<br><br>The plot owners and some flat owners requested to review the decision, especially who took loan from the Bank.<br><br>They informed that they hardly have any alternative source of income to pay the monthly payments to the bank against loan amount. They made following request:<br><br>(a). To consider allowing 2 floor to be rented as office by original plot owner.<br><br>(b). Flat owners having more than on flat may be allowed to rent one flat as office.<br><br>(c). For foreign tenants, if permission of the QMG's branch is taken, in that case it may take a month or so, to get the clearance. The foreigners may not agree to wait; and if the clearance is not given to that particular foreigner, the plot owner will have to look for another tenant. In the process his flat may remain vacant for a month or two. For this reason land lord will run a loss regular installments to bank will become difficult and may lead it to make him defaulter.<br><br>Some of them agreed to make request in writing, if required.<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** এ ব্যাপারে গত ০৯ এপ্রিল ২০২৬ তারিখের জরুরী ইসি সভায় বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ০৮ ঃ Approval of proposed categories and salaries of Porishod employees to be effective from 01 July 2026.</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বেতনভাতা মূল্যায়ন কমিটি কর্তৃক প্রণয়নকৃত পরিষদে কর্মরত স্টাফদের বেতনস্কেল ও গ্রেড প্রস্তাবনা সভার সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয় (কপি সংযুক্ত)। উক্ত প্রস্তাবিত বেতনস্কেল ও গ্রেড আগামী ০১ জুলাই ২০২৬ তারিখ থেকে কার্যকর হবে। ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) সভায় অবহিত করেন যে, কর্মরত কর্মচারীদের Provident Fund অথবা Gratuity এর ব্যাপারে একটি প্রস্তাবনা তৈরী করা প্রয়োজন। বিস্তারিত আলোচনা শেষে Provident Fund অথবা Gratuity এর ব্যাপারে একটি প্রস্তাবনা তৈরীর লক্ষ্যে নিম্নেরূপভাবে কমিটি গঠন করা হলো ঃ | সংশ্লিষ্ট কমিটি |

| | |
|---|---|
| সভাপতি ঃ গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ)<br>সদস্য - (১) ঃ কর্ণেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ)<br>সদস্য - (২) ঃ ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবঃ)<br>সদস্য - (৩) ঃ মেজর জাফরউল্লাহ খান (অবঃ)<br><br>**উক্ত কমিটি একটি প্রস্তাবনা তৈরী করতঃ সুপারিশ সহকারে আগামী ১০ম ইসি সভায় উপস্থাপন করবেন।** | |
| **আলোচ্যসূচি- ০৯ ঃ Approval of revised organogram. Guards with clean service may be made senior guards after 15 years of joining as per authorisation without increasing manpower of Sy section.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে প্রস্তাবিত জনবল কাঠামো **(organogram)** নিম্নবর্ণিত জনবল সংযোজন সাপেক্ষে সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয় ঃ<br><br>ক। ১ x অফিস সুপারিনটেনডেন্ট<br>খ। ১ x অতিরিক্ত চীফ সিকিঃ সুপারভাইজার<br>গ। ১ x ডাটা এন্টি অপারেটর<br>ঘ। ১ x চীফ এ্যাডমিন সুপারভাইজার<br>ঙ। ১ x ড্রাইভার (এ্যাডমিন)<br>চ। ১ x খাদেম<br><br>কোন সিকিউরিটি গার্ড পরিষদে ১৫ বছর সততা ও নিষ্ঠার সাথে চাকুরী করলে সিনিয়র গার্ড হিসাবে পদোন্নতি পাবে এবং সিনিয়র গার্ড এর স্কেলে বেতনভাতা নির্ধারিত হবে। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ১০ ঃ Constitute a Board for Vertical Extension of Fitness Centre by the accepted contractor. Project work may be completed by 30 Sep 2026.**<br><br>**সিদ্ধান্ত** ঃ এ ব্যাপারে আলোচ্যসূচি-৩ (ক) এ বিস্তারিত আলোচনা করা হয়েছে এবং সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ১১ ঃ Creation of a mini-Zoo in a vacant space on west of children rides. Donor is available with animal suppliers (gentle only) with other living beings.**<br><br>**সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে, চিলড্রেন পার্ক এরিয়ায় mini-Zoo করা ঠিক হবেনা মর্মে অধিকাংশ ইসি সদস্যগন দ্বিমত পোষণ করেন। সুতরাং mini-Zoo এর প্রস্তাবটি অনুমোদিত হলো না। তবে উক্ত স্থানে বিভিন্ন ধরণের সুন্দর ও ভালমানের রাইড স্থাপন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।** | মেম্বার এ্যাডমিন |

| | |
|---|---|
| আলোচ্যসূচি- ১২ ঃ **<u>Approval of a dinner to be hosted on 10 May 2026 evening by the Executive Committee of the Porishod for all members of the Ladies Club its Rraising Day.</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** লেডিস ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে পরিষদ কর্তৃক আগামী ১০ মে ২০২৬ তারিখ রাতে একটি ডিনার পার্টির আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত ডিনার পার্টিতে লেডিস ক্লাবের সম্মানিত সকল সদস্য এবং পরিষদ ইসি সদস্যগণ উপস্থিত থাকবেন। সর্বমোট ১৩০ জনের জন্য ডিনারের আয়োজন করা হবে। | সেক্রেটারী |
| আলোচ্যসূচি- ১৩ ঃ **<u>Discussion on points raised by Brig Gen M Najeeb Hassan, ndc, psc, G (Retd)</u>**<br><br>**<u>Point No 1 : Permission for Night-Pass.</u>**<br><br>**Night Pass (Friday & Saturday) may be Allowed to employees because it solves their minor family and domestic problem, which will help them in performace of their responsibilities/duties.**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** একান্ত মানবিক দিক বিবেচনা করে সিকিউরিটি গার্ডদের নাইট পাশ (শুক্রবার ও শনিবার) দেয়ার বিষয়টি অনুমোদিত হয়। তবে কোনভাবেই ওভার স্টে করার অনুমতি দেয়া হবে না। | মেম্বার সিকিউরিটি |
| **<u>Point No 2 : Training of Newly Recruited Security Guards</u>**<br><br>**New guards should be given some kind of training minimum for 07 days after recruitment. After training, a report should be made about his IQ, knowledge, temperament and aptitude. A format of report may be prepared for easy assessment.**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** প্রস্তাবটি অনুমোদিত হয়। মেম্বার সিকিউরিটি এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | মেম্বার সিকিউরিটি |
| **<u>Point No 3 : Improper Wearing of Uniform by Guard.</u>**<br><br>**It has been observed that some of the guards do not wear the dress properly, sleeves half folded with very loose belt. This gives a very poor reflection of discipline about a guard. Some kind of action should be taken.**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** সিকিউরিটি গার্ডদের জন্য ভাল মানের Uniform তৈরীর সিদ্ধান্ত গৃহিত হয়। শীঘ্রই এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। সিকিউরিটি গার্ডগণ পোশাক, ক্যাপ ও বেল্ট ঠিক রাখার ব্যাপারে সজাগ থাকবে এবং ডিউটির প্রতি যত্নশীল হবে। এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি ও ট্রাফিক ম্যানেজমেন্ট সাব-কমিটির কনভেনার, সিকিউরিটি অফিসার ও চীফ সিকিউরিটি সুপারভাইজারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। | মেম্বার সিকিউরিটি |

| | |
|---|---|
| **<u>Point No 4 : Electric Lights Covered by Trees Branches</u>**<br><br>**In some places the bushy trees cover the electric lights, thus obstructs the illumination around. Unfortunately the owners of the trees do not allow to trim the branches. So, some action to be taken.**<br><br>**<u>সিদ্ধান্ত</u> ঃ** মেম্বার এ্যাডমিন বিষয়টি পর্যবেক্ষন পূর্বক ডিওএইচএস এর যে সকল এলাকায় গাছের ডালপালায় বৈদ্যুতিক লাইটের আলোকে বাধাগ্রস্থ করছে বা করবে, তাৎক্ষনিকভাবে উক্ত ডালপালা কর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা করবেন। | মেম্বার এ্যাডমিন |
| **<u>Point No 5 : Effective Step Need to be taken to Avoid Disustrous Fire Accident</u>**<br><br>**Although, a letter from AHQ has been received with cautioning the risk of fire incidents, effective measurers to be taken for poor implementation of the advice of the letter.**<br><br>**<u>সিদ্ধান্ত</u> ঃ** বিস্তারিত আলোচনা শেষে, সভায় সংশিষ্ট সাব-কমিটিকে বিষয়োল্লিখিত ব্যাপারে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। অত্র ডিওএইচএস এলাকার সকল বাড়ীতে অগ্নি নির্বাপক যন্ত্র আছে কিনা এ ব্যাপারে সিকিউরিটির গার্ড পাঠিয়ে যাচাই করা হবে এবং যে সকল বাড়ীতে অগ্নি নির্বাপক যন্ত্র নাই সেই সকল বাড়ীর তালিকা রেজিষ্টারে লিপিবদ্ধ করা হবে। পরবর্তীতে বাড়ীর মালিকদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র মারফত নির্দেশ দেয়া হবে। | সেক্রেটারী ও মেম্বার এ্যাডমিন |
| **<u>Point No 6 : Use of CC Camera.</u>**<br><br>**In and around DOHS Baridhara, there are 243 nos of CC Camera fitted for the purpose of Security information. But it's use is very insignificant. To make the system effective, following actions are suggested :-**<br><br>**a. Effective monitoring system to be introduced.**<br><br>**b. Activities of Security Guards may monitored and controlled.**<br><br>**c. Early warning be given to the Security guards to quickly move to a place of occurrence.**<br><br>**<u>সিদ্ধান্ত</u> ঃ** এ ব্যাপারে এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ), গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবঃ), ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) এবং লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ) প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন এবং আগামী ইসি সভায় একটি প্রতিবেদন দাখিল করবেন। | সংশ্লিষ্ট কমিটি |

| | |
|---|---|
| **<u>Point No 7 : Problems of Electric Lines in DOHS.</u>**<br><br>**During up-coming rainy season, due to short circuit, a good member of LED street lights are damaged due to non-availability of neutral phase. As a Result, Porished needs to spend lot of money. To avoid this loss, a remedial measures to be taken with the help of Cantonment Board.**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** এ ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা সেনানিবাসে একটি পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে মেম্বার এ্যাডমিন সমন্বয় করে প্রয়োজনী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। | মেম্বার এ্যাডমিন |
| **<u>আলোচ্যসূচি- ১৪ ঃ Discussion on points raised by Capt M Omar Faruque (G) psc, BN</u>**<br><br>ক। **<u>বাংলা বর্ষবরণ অনুষ্ঠানের ডি ব্রিফ ঃ</u>** গত ১৩ ও ১৪ এপ্রিল ২০২৬ তারিখে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন করা হয়েছে। এই দুই দিনে মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান যথাযথভাবে করার প্রচেষ্টা নেওয়া হয়েছে - লেডিস ক্লাবের মাধ্যমে। তবে ১০/১৫ দিন পূর্বে অনুষ্ঠানের নির্দেশনা পাওয়া গেলে সন্তোষজনকভাবে করা যায়। জানা গেছে মেলায় ব্যবসায়িরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, পহেলা বৈশাখ অনুষ্ঠানে কিছু কিছু সমস্যা হয়েছে। পরবর্তীতে এ সমস্যা যাতে না হয় সে ব্যাপারে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। ভবিষ্যতে যে কোন অনুষ্ঠানের কার্যক্রম কমপক্ষে ১৫/২০ দিন পূর্বে শুরু করা হবে। | সংশ্লিষ্ট সকলে |
| খ। **<u>বিভিন্ন রাস্তার প্রতিবন্ধকতা অপসারণ ঃ</u>** অত্র ডিওএইচএস এ বহু গন্যমান্য ব্যক্তিদের বসবাস ও আনাগনা আছে। এলাকায় বহু গাড়ীর চলাচল বিধায় বাধ্য হয়ে রাস্তার পাশে পার্ক করতে হয়। তবে কয়েকটি রাস্তায় কয়েকজন বাসিন্দা রাস্তায় পাথর/বস্তা/মাটি স্তুপ রেখে প্রতিবন্ধতা সৃষ্টি করে আসছে। পরিচ্ছন্ন কর্মী/নিরাপত্তা কর্মীদের এতে কোনরূপ ব্যবস্থা নিতে দেখা যায় না।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** পয়েন্টটির গুরুত্বের সাথে বিবেচনা করা হয় এবং প্রেসিডেন্ট মেম্বার এ্যাডমিনকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | মেম্বার এ্যাডমিন |
| গ। **<u>ফলবতী গাছের যথাযথ সংরক্ষণ, হিসাব ও বাসিন্দাদের ফল ভোগ করা প্রসঙ্গে</u>** ঃ বারিধারা ডিওএইচএস এর জন্মলগ্ন থেকে বাসিন্দাদের/পরিষদের সদস্যদের প্রচেষ্টায় উল্লেখযোগ্য সংখ্যক ফলের গাছ লাগানো হয়েছে। আম, কাঁঠাল, চালতা, পেয়ারা, নারিকেল, সুপারি, কাটবাদাম সহ বহু ফল উৎপাদন হয়। তবে ঐ ফল গাছগুলির যথাযথ সংরক্ষন/পরিচর্যার অভাবে বর্তমানে ভাল ফল দেখা যায় না। প্রয়োজনীয় জনবল দিয়ে প্লান্টেশন যথাযথভাবে করলে ভাল ফলাফল পাওয়া যেতে পারে।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। ইসি সদস্যগণ ইচ্ছা পোষন বা আগ্রহী হলে যাতে এসব ফল কিনতে পারে সে ব্যাপারে অবহিত করতে হবে। | মেম্বার এ্যাডমিন |
| **<u>আলোচ্যসূচি- ১৫ ঃ Discussion on points raised by Air Cdre SMG Yazdani, psc, PhD.</u>**<br><br>**ক। ত্রৈমাসিক আয়-ব্যয় সংক্রান্ত হিসাব কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন এবং অনুমোদন প্রদান প্রসঙ্গে।**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, প্রস্তাবটি অনুমোদিত হয় নাই। | সেক্রেটারী |

| | |
|---|---|
| খ। **সিসিটিভি কন্ট্রোল রুম সার্বক্ষণিকভাবে পর্যবেক্ষণ করার জন্য ০২(দুই) জন কন্ট্রোলরুম অপারেটর নিয়োগ প্রদানের বিষয়ে আলোচনা।**<br><br>**ব্যাখ্যা** :- বারিধারা ডিওএইচএস এলাকার সার্বক্ষণিক নিরাপত্তা ও সকলের গতিবিধি পর্যবেক্ষণ করা জন্য কন্ট্রোলরুম অপারেটর প্রয়োজন। বর্তমানে আইটি টেকনিশিয়ান ও আইটি টেকনিশিয়িান সহকারী সিসি টিভি সার্ভিসিং কাজের পাশাপাশি কন্ট্রোল রুম অপারেট করে আসছেন। তবে উক্ত ০২(দুই) জন স্টাফ দিয়ে সার্বক্ষণিক সিসিটিভি কন্ট্রোল রুম পর্যবেক্ষণ এবং শিফট চালানো সম্ভব হচ্ছে না। এছাড়াও, শুক্রবার বা ছুটির দিনও সিসিটিভি পর্যবেক্ষণে অপারেটর দেয়া সম্ভব হচ্ছে না বিধায় কমপক্ষে ০২(দুই) জন কন্ট্রোলরুম অপারেটর নিয়োগ অথবা সিকিউরিটি শাখা হতে জনবল যোগান দেয়া যেতে পারে। যদি নিয়োগের জন্য বিবেচনা করা হয়, সেক্ষেত্রে কন্ট্রোলরুম অপারেটর এর পদমর্যাদা হতে পারে আইটি টেকনিশিয়ান সহকারী এর সমমর্যাদা সম্পন্ন এবং বেতন স্কেলঃ ১২,০০০.০০ (বারো হাজার)। সর্বমোট বাৎসরিক বেতন হবে ২,৮৮,০০০.০০ + ঈদ বোনাস ২৮,৮০০.০০ + বৈশাখী বোনাস ২,৮৮০.০০ অর্থাৎ বাৎসরিক বেতন ও ভাতা বাবদ ৩,১৯,৬৮০.০০ (তিন লক্ষ উনিশ হাজার ছয়শত আশি) টাকা খরচ হবে।<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, বিষয়টি অনুমোদিত হয় নাই। | ,, |
| **<u>আলোচ্যসূচি- ১৬ ঃ সিকিউরিটি গার্ড মোঃ খলিলুর রহমান এবং রিপন মিয়া এর বিরুদ্ধে আনীত অভিযোগের ব্যাপারে তদন্ত কমিটির প্রতিবেদন নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** সিকিউরিটি গার্ড মোঃ খলিলুর রহমান এবং রিপন মিয়া এর বিরুদ্ধে আনীত অভিযোগের ব্যাপারে তদন্ত কমিটির প্রতিবেদনের সুপারিশের ব্যাপারে ইসি সদস্যগন একমত পোষন করেন। আগামী ০১ মে ২০২৬ থেকে সিকিউরিটি গার্ড মোঃ খলিলুর রহমানকে সকল সুবিধাদি/পারিতোষিকসহ অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া সিকিউরিটি গার্ড রিপন মিয়াকেও অব্যাহতির সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী/ ট্রেজারার |
| **<u>আলোচ্যসূচি- ১৭ ঃ Any other business</u>**<br><br>ক। **<u>নিরাপত্তা প্রহরীর ব্যারাকের Structural Design দুর্বল হওয়ায় দুর্ঘটনার আশংকা।</u>**<br>নিরাপত্তা প্রহরীর ব্যারাকের Structural Design বেশ দুর্বল হওয়ার দরুন, ব্যারাকের ছাদের উপর স্থাপিত Mobile Tower দুইটি (একটি পূর্ব দিকে ও অন্যটি পশ্চিম দিকে) যখন দোল খায় (অর্থাৎ তীব্র বাতাসে ও বানর কর্তৃক ঝাকানোয়), তখন ব্যারাকের কক্ষগুলো ভূমিকম্পের মত কাঁপতে বা নড়তে থাকে। এতে করে যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। দূর্ঘটনা এড়ানোর জন্য জরুরীভাবে নিম্নের পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন ঃ<br>**(১) অনতিবিলম্বে Mobile Tower দুইটি ব্যারাকের ছাদ হতে অন্যত্র সরানোর পদক্ষেপ গ্রহণ করা উচিৎ।**<br>**(২) সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে দূর্বল স্থাপনাটির বর্তমান অবস্থা নিরূপণের জন্য MIST বা BUET হতে অভিজ্ঞদের মতামত নেয়ার মাধ্যমে সম্ভাব্য দূর্ঘটনা এড়ানোর পদক্ষেপ নেয়া যেতে পারে।**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** বিস্তারিত আলোচনা শেষে, জানানো হয় Mobile Tower দুইটি ব্যারাকের ছাদ হতে অন্যত্র সরানোর জন্য ইতিমধ্যে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রের অগ্রগতি সম্পর্কে ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ), সিনিঃ ভাইস প্রেসিডেন্ট তদারকি করে Mobile Tower ২টি সরানোর ব্যবস্থা গ্রহণ করবেন এবং সিকিউরিটি ব্যারাক সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে দূর্বল স্থাপনাটির বর্তমান অবস্থা নিরূপণের জন্য MIST বা BUET হতে অভিজ্ঞদের মতামত নেয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | সিনিয়র ভাইস প্রেসিডেন্ট |

| | | |
|---|---|---|
| | খ। **নিরাপত্তা প্রহরীর ব্যারাকের প্রতিটি রুমে ধারণ ক্ষমতার দ্বিগুন Bed/শয্যা স্থাপন করার মাধ্যমে অমানবিক, মানবেতর ও অস্বাস্থ্যকর পরিস্থিতি।**<br><br>অত্যন্ত পরিত্যাপের বিষয় যে, ডিওএইচএস এর নিরাপত্তার জন্য নিয়োজিত গার্ডদের জন্য প্রদত্ত প্রতিটি রুমে ১৩/১৪ জনের জন্য থাকার ব্যবস্থা করা হয়েছে। প্রতিটি Bed বা চারপায়ার মধ্যে কোন Gap নাই, পোষাক রাখার স্থান, ব্যক্তিগত লাগেজ গাদাগাদি করে রাখা, এরপর অকেজো সামগ্রী (যেমন- অকেজো ইলেকট্রিক লাইট, স্ট্রিট লাইট, তার ইত্যাদি) রুমের বিভিন্ন স্থানে রাখা। প্রতিটি রুমের ভিতর দূষিত, গরম ও গুমোট পরিস্থিতি। পরিষ্কারভাবে অনুধাবন করা যায় যে, প্রতিটি রুমে বিশ্রামের জন্য প্রয়োজনীয় অক্সিজেনেরও ঘাটতি রয়েছে। সকল রুমগুলি এমন Congested (গাদাগাদি) যে ছোট জানালাগুলোও খোলা সম্ভব হয় না; তদুপরি রাত্রিতে ঘুমানোর লক্ষে মশার উপদ্রপ থেকে পরিত্রাণের জন্য যখন ১৩/১৪টি মশারী টানানো হয়, তখন প্রতিটি রুমের ছোট ছোট ৪টি ফ্যানের বাতাস পাওয়া অসম্ভব হয়ে যায়। এই গার্ডগুলো নিতান্ত দরিদ্র, নিরূপায় ও অসহায় বলেই এ ধরণের মানবেতর বাসস্থানের পরিস্থিতি মেনে নিতে বাধ্য হচ্ছে।<br>**উল্লেখিত পরিস্থিতিতে মানবিক বিবেচনায় নিম্নের পদক্ষেপগুলো গ্রহণের পরামর্শ দেয়া হলো ঃ**<br><br>(১) Mobile Tower দুইটি সরানো হলে সেখানে ২টি রুম তৈরি করা যাবে, যেখানে প্রায় ২৮ জন গার্ডের থাকার স্থান সংকুলান করা যাবে।<br><br>(২) ব্যারাকের সম্মুখে একচালা শেডটির (মালী ও ক্লিনার রুম) স্থানে ৫০ ফিট × ৩০ ফিট আয়তনের দুই চালা অস্থায়ী টিনশেড স্থাপন করা যেতে পারে।<br>**সিদ্ধান্ত ঃ**<br>ক। বিস্তারিত আলোচনা শেষে, মোবাইল টাওয়ার সরানো সাপেক্ষে বিল্ডিংয়ের লোড ক্ষমতা ঠিক থাকে তাহলে ছাদে ২ টি রুম তৈরী করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>খ। বর্তমানে সিকিউরিটি ব্যারাকে জায়গার সংকুলান না হওয়ায় ব্যারাকের সম্মুখে একচালা শেডটির (মালী ও ক্লিনার রুম) স্থানে ৫০ ফিট × ৩০ ফিট আয়তনের দুইচালা অস্থায়ী টিনশেড স্থাপনের প্রস্তাবটি সর্ব-সম্মতিক্রমে গৃহিত হয়। এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন ও মেম্বার সিকিউরিটি কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন। | সিনিয়র ভাইস প্রেসিডেন্ট |
| | গ। প্রেসিডেন্ট মহোদয় সভায় উপস্থাপন করেন যে, বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সাথে সৌজন্য স্বাক্ষাতের সময় গিফ্‌ট দেয়ার প্রয়োজন হয়। এ জন্য ১০০ টি ঘড়ি অত্র পরিষদের লোগোসহ তৈরীর প্রস্তাব করেন। প্রতিটি ঘড়ির আনুমানিক মূল্য হবে ৪০০/-টাকা। ১০০টি ঘড়ি ক্রয়ের জন্য মোট খরচ হবে ১০০ X ৪০০ = ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা। সভার সর্ব-সম্মতিক্রমে প্রস্তাবটি অনুমোদিত হয়। | সেক্রেটারী ও ট্রেজারার |
| | ঘ। ঠিকাদার গাজী ও মোঃ শাহ আলম প্রতিটি কাজে অনেক বেশী বিল করে এবং কথায় ও কাজে কোন মিল থাকেনা বিধায় পরিষদের সকল কাজ হতে বিরত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। তবে চলমান কাজ সম্পন্ন করতে হবে। | সকল ইসি সদস্য |
| | ঙ। **আর্থিক সাহায্যের আবেদন- মাইক্রো ড্রাইভার, মোঃ ফিরোজ আহম্মেদ ঃ** মাইক্রোবাস ড্রাইভারের আবেদনের বিষয়টি মানবিক দিক বিবেচনা করে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত আর্থিক সাহায্য পরিষদ চ্যারিটি ফান্ড থেকে প্রদান করা হবে। | ট্রেজারার |
| | চ। বারিধারা ডিওএইচএস জামে মসজিদের নীচ তলার ফ্যানগুলি পুরাতন ও ক্যাপাসিটার দূবল হওয়ায় উহা পরিবর্তন করে নতুন ভালমানের (ন্যাশনাল) ফ্যান স্থাপন প্রয়োজন। যেহেতু বর্তমান মসজিদের তিন ফ্লোরে ন্যাশনাল ফ্যান লাগানো আছে এবং ন্যাশনাল ফ্যানের সাপোর্ট খুব ভালো এবং ন্যাশনাল ডিজাইন ফ্যানের স্যাম্পল দেখতে সুন্দর, অতএব ন্যাশনাল ডিজাইন ফ্যান স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | কনভেনার, মসজিদ সাব-কমিটি |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি-১৮ ঃ পরবর্তী নির্বাহী কমিটির সভা ঃ** আগামী ২০ মে ২০২৬ (বুধবার), সন্ধ্যা ১৯১৫ ঘটিকায় অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি - ১৯ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে ও সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
১১ মে ২০২৬

**অনুমোদনক্রমে ঃ-**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
১১ মে ২০২৬

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা